

১ম বর্ষ অনার্স ভর্তি বিজ্ঞপ্তি (২০১৫-২০১৬)

তারিখ : ২২/০৯/২০১৫

১. ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে অনলাইনে ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন জমাদানের তারিখ : ০১/১০/২০১৫ হতে ২৮/১০/২০১৫ পর্যন্ত।

২. ❖ প্রাথমিক আবেদন ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) -এর Honours tab- এ গিয়ে Apply Now (Honours) অপশনে প্রয়োজনীয় তথ্যসহ এন্ট্রি দিতে হবে।

- ❖ ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০x১৫০ পিক্সেল, ইমেজ টাইপ: jpg এবং সর্বোচ্চ ফাইল সাইজ ৫০ কেবি।
- ❖ সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে।
- ❖ এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে A4 সাইজ অফসেট সাদা কাগজে প্রিন্ট দিতে হবে।
- ❖ আবেদন ফরম কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে পারবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চায়ন করার পর তা আর কোনক্রমেই পরিবর্তন করা যাবে না।
- ❖ আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে অবশ্যই স্বাক্ষর করতে হবে।

৩. ❖ আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রাপ্ত রোল নম্বরের বিপরীতে শিওরক্যাশ এজেন্টের মাধ্যমে আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ইডেন মহিলা কলেজের একাউন্টে জমা দিতে হবে। (দেশের যে কোন এলাকায় অথবা কলেজের পার্শ্ববর্তী এলাকায়ও শিওরক্যাশ এজেন্ট রয়েছে)।
- ❖ শিওরক্যাশ এজেন্টের মাধ্যমে ইডেন মহিলা কলেজ একাউন্টে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা যথাযথভাবে জমা হলে আবেদনকারীর নির্ধারিত মোবাইল নম্বরে ট্রানজেকশন আইডিসহ সাথে সাথে একটি এস এম এস যাবে। উক্ত ট্রানজেকশন আইডি, আবেদনকারীর নির্ধারিত মোবাইল নম্বর ও পিন কোড আবেদন ফরমের উপরে কলম দিয়ে লিখতে হবে।
 - ❖ উক্ত আবেদন ফরমের সংগে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষার মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
 - ❖ প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার সময়: সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ১০ টা থেকে বেলা ২ টা পর্যন্ত।
 - ❖ ইডেন মহিলা কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চায়ন করা হলে প্রার্থীর নির্ধারিত মোবাইল নম্বরে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে এস এম এস এর মাধ্যমে জানানো হবে।

বিঃদ্রঃ ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীর কোন পরীক্ষা দিতে হবে না এবং এস.এস.সি/সমমানের পরীক্ষার সনদ অনুযায়ী শিক্ষার্থীর বয়স ৩১/১২/২০১৫ তারিখ পর্যন্ত ২২ বছরের মধ্যে থাকতে হবে।

অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২২/৯/১৫

আহ্বায়ক
২২/৯/১৫

১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি (২০১৫-১৬)
ইডেন মহিলা কলেজ, ঢাকা।